দৈনিক বাংলা

তারিখ ... ১৪।১০।৭৮ ...
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৪ ...

042

# অনার্সে ভর্তির আবেদন পত্র জমার মেয়াদ বৃদ্ধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ অনার্সে ভর্তির আবেদনপত্র জমা দেয়ার তারিখ বাড়ানো হয়েছে। ১৯৭৮-৭৯ শিক্ষা বর্ষের কলা, সামাজিক বিজ্ঞান, বাণিজ্য এবং আইন অনুষদের বিভিন্ন বিভাগে আবেদনপত্র আগামী ২০শে নবেম্বর পর্যন্ত জমা নেয়া হবে। খবর বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তির।

## ইসলামী বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়া আলিয়া মাদ্রাসা শাখার উদ্যোগে অনুষ্ঠিত এক সভায় প্রস্তাবিত ইসলামী বিশ্ববিদ্যালয় ঢাকায় স্থাপনের দাবী জানানো হয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় সপ্তাহ পালন উপলক্ষে মঙ্গলবার অনুষ্ঠিত এক সভায় এ দাবী জানান হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।